চুয়াডাঙ্গার কুলপালায় সড়ক দুর্ঘটনায় মেহেরপুরের মনিরুল নিহত

মেহেরপুর- চুয়াডাঙ্গা সড়কের কুলপালায় বালু ভর্তি ট্রাক ও পিকআপের মুখোমুখি সংঘর্ষে মনিরুল ইসলাম (৪০) এক ব্যক্তি নিহত হয়েছেন।
আজ বুধবার ভোর ৫টার সময় এ দুর্ঘটনা ঘটে। নিহত মনিরুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামের কুপাজ উদ্দিনের ছেলে। জানা গেছে, মনিরুল ইসলাম গতকাল বিকেলে কলা বিক্রির উদ্দেশ্যে বরিশালে যান। বরিশাল থেকে মেহেরপুরে ফেরার উদ্দেশ্যে রওনা দেন। চুয়াডাঙ্গার কুলপালা নামক স্থানে এসে পিকআপটি নিয়ন্ত্রণ হারালে সামনে থাকা বালুভর্তি ট্রাকের সাথে সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই মনিরুল ইসলাম মারা যান এবং পিকআপ চালক মোঃ বকুল (৩৫) গুরুতর আহত হন। খবর পেয়ে চুয়াডাঙ্গা ফায়ার সার্ভিসের একটি টিম এসে তাদেরকে উদ্ধার করেন।